

## পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ চতুর্থ অধ্যায় - ভুলভ্রান্তি রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আনুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৪. ১. ১৭. যিহোয়াকীমের পরিণতি

ইতোপূর্বে যিরমিয় ভাববাদীর ভুল ভবিষ্যদ্বাণী আলোচনার সময় যীশু খ্রিষ্টের পূর্বপুরুষ রাজা যিহোয়াকীম (Jehoiakim/ Jehoikim) সম্পর্কে জেনেছি। এ রাজার পরিণতি সম্পর্কে ২ বংশাবলি ৩৬/৬ বলছে: "বাবিল রাজ নবৃখদ্নিৎসর আসিয়া বাবিলে লইয়া যাইবার জন্য তাঁহাকে পিত্তল-শৃঙ্খলে বদ্ধ করিলেন।"

এ তথ্যটা ভুল। নবূখদিৎসর বা বখতে-নাসার যিহোয়াকীমকে জেরুজালেমেই হত্যা করেন। প্রথম খ্রিষ্টীয় শতাব্দীর (৩৭-৯৫ খ্রি.) প্রসিদ্ধ ইহুদি ঐতিহাসিক যোসেফাস (Flavius Josephus) তার ইতিহাসের ১০ম গ্রন্থের ৬ষ্ঠ অধ্যায়ে তা উল্লেখ করেছেন।

Source — https://www.hadithbd.com/books/link/?id=14157

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন